সিলেটে বাজি ধরে সুরমায় ঝাপ দিয়ে নিখোঁজ তরুণ

বাজি ধরে উত্তাল সুরমায় ঝাঁপ দিয়েছিলেন দুই বন্ধু। এদের একজন ফিরে এলেও অপরজন নিখোঁজ। নিখোঁজের নাম আব্দুস সামাদ (১৮)। তিনি কোতোয়ালি থানার বাগবাড়ি নড়িয়া এলাকার মৃত শামসুল হকের ছেলে।

শুক্রবার বিকাল সাড়ে ৫টার দিকে শহরতলীর টুকেরবাজারের তেমুখিস্থ শাহজালাল সেতু-৩ থেকে তারা একে অন্যের সঙ্গে বাজি ধরে সুরমার বুকে লাফিয়ে পড়েছিলেন।
প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে জালালাবাদ থানার এসআই মহিউদ্দিন জানিয়েছেন, মিলন ও সামাদের বাড়ি বাগবাড়ি নড়িয়া এলাকায়। তারা খুব ঘনিষ্ঠ বন্ধু। দু’জন মিলে বিকালে ওই এলাকায় বেড়াতে গিয়েছিল। এরপর দু’জনেই বাজি ধরে সুরমায় ঝাঁপিয়ে পড়ে। কিছুক্ষণের মধ্যে মিলন সাঁতরে তীরে ফিরতে পারলেও সামাদের কোন হদিস নেই।

ধারণা করা হচ্ছে, স্রোতের তোড়ে ভেসে গেছে এই কিশোর।

এসআই মহিউদ্দিন জানিয়েছেন, তিনি একদল পুলিশ সদস্য নিয়ে ঘটনাস্থলে অবস্থান করছেন। সেখানে কোতোয়ালি থানা পুলিশের আরেকটি দল যাচ্ছে। তারা গেলে সামাদ ও মিলনের বাসায় গিয়ে বিস্তারিত খোঁজ-খবর নিবেন।

এসএমপির অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার জেদান আল মুসা জানিয়েছেন, ফায়ার সার্ভিসকে জানানো হয়েছে। তবে নদীতে প্রবল স্রোত। তারা উদ্ধার তৎপরতা শুরু করতে পারবেন কি-না তা বুঝা যাচ্ছে না।

ঘটনাস্থল থেকে এসআই মহিউদ্দিন জানিয়েছেন, রাত সাড়ে ৮টা পর্যন্ত সামাদ নিখোঁজ রয়েছেন এবং উদ্ধার তৎপরতা শুরু না হলেও তারা ঘটনাস্থলে অবস্থান করছেন।